দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 7 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৭

111

# মাদ্রাসা শিক্ষার জন্য দ্বিগুণ অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী এ, এস, এইচ, কে সাদেক গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদে বলিয়াছেন, বিরোধী বিএনপি মাদ্রাসা শিক্ষা বন্ধের ব্যাপারে অসত্য প্রচারণা করিতেছে। মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে এ ধরনের অপপ্রচার গুনাহ্-এর কাজ। বিএনপি দলীয় এমপি মশিউর রহমানের এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বিরোধী সদস্যরা রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য মাদ্রাসা শিক্ষা বন্ধের কথা বলিতেছে। আসলে বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষা উন্নয়নে কাজ করিতেছে। চলতি অর্থ বছরের বাজেটে মাদ্রাসা শিক্ষার জন্য গত বছরের চাইতে দ্বিগুণ অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে। গত এক বছরে দুইশত নূতন মাদ্রাসা স্থাপন করা হইয়াছে যাহা বিএনপি আমলে হয় নাই। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রশ্নই উঠে না। বরং আরও উন্নয়নের পরিকল্পনা নেওয়া হইয়াছে।